

## গবেষণায় অংশগ্রহণের সম্মতি

একটি গবেষণা অধ্যয়নে অংশগ্রহণ করতে আপনাকে অনুরোধ করা হচ্ছে। আপনি সম্মত হওয়ার আগে, আপনাকে অবশ্যই গবেষণা অধ্যয়নটির একটি সারসংক্ষেপ প্রদান করা হবে। কেন আপনি গবেষণাটিতে যুক্ত হতে চাইতে বা না চাইতে পারেন সেই কারণগুলো বুঝতে আপনাকে সাহায্য করার জন্য, এই সারসংক্ষেপে অবশ্যই মূল তথ্যগুলো থাকবে।

আপনি সম্মত হওয়ার আগে, তদন্তকারী আপনাকে অবশ্যই যেসব বিষয় সম্পর্কে বলবেন:

- (i) গবেষণার উদ্দেশ্য, পদ্ধতি এবং সময়কাল;
- (ii) পরীক্ষামূলক যেকোনো পদ্ধতি;
- (iii) গবেষণাটির যুক্তিসঙ্গতভাবে পূর্বানুমানযোগ্য যেকোনো ঝুঁকি, অস্বচ্ছন্দতা এবং সুবিধা;
- (iv) যেকোনো সম্ভাব্য উপকারী বিকল্প পদ্ধতি বা চিকিৎসা;
- (v) কিভাবে গোপনীয়তা বজায় রাখা হবে; এবং
- (vi) প্রশ্ন, অভিযোগ এবং আঘাত নিয়ে কার সাথে যোগাযোগ করতে হবে।

প্রযোজ্য ক্ষেত্রে, তদন্তকারী আপনাকে অবশ্যই আরো যা সম্পর্কে বলবেন:

- (i) আঘাতপ্রাপ্ত হলে পাওয়া যাবে এমন যেকোনো ক্ষতিপূরণ বা মেডিকেল চিকিৎসা;
- (ii) অনাকাঙ্ক্ষিত ঝুঁকির সম্ভাবনা;
- (iii) এমন পরিস্থিতিসমূহ যখন তদন্তকারী আপনার অংশগ্রহণ স্থগিত করতে পারেন;
- (iv) আপনার যেকোনো অতিরিক্ত খরচ;
- (v) আপনি অংশগ্রহণ বন্ধ করার সিদ্ধান্ত নিলে কী হবে;
- (vi) যখন আপনাকে নতুন প্রাপ্ত ফলাফল সম্পর্কে বলা হবে যা হয়তো আপনার অংশগ্রহণের ইচ্ছাকে প্রভাবিত করতে পারে;
- (vii) গবেষণায় কতজন মানুষ থাকবে; এবং
- (viii) গবেষণার জন্য কীভাবে আপনাকে আপনার চিকিৎসা সংক্রান্ত তথ্য ব্যবহারের অনুমোদন দিতে হবে।

এই গবেষণায় আপনার অংশগ্রহণ স্বেচ্ছাধীন, এবং আপনি যদি অংশগ্রহণ করতে অস্বীকার করেন অথবা বন্ধ করার সিদ্ধান্ত নেন তাহলে আপনার কোনো দণ্ড হবে না বা বেনিফিট হারাবেন না। এই ডকুমেন্টে স্বাক্ষর করার অর্থ হলো, উপরের তথ্য সহ গবেষণা অধ্যয়নটি আপনার কাছে মৌখিকভাবে বর্ণনা করা হয়েছে এবং আপনি স্বেচ্ছায় অংশগ্রহণ করতে সম্মত হয়েছেন। আপনি যদি অংশগ্রহণ করতে সম্মত হন, তাহলে আপনাকে অবশ্যই এই ডকুমেন্টের একটি স্বাক্ষরিত কপি এবং ইংরেজিতে গবেষণাটির একটি লিখিত সারাংশ দেওয়া হবে।

### প্রশ্ন?

এই গবেষণাটি সম্পর্কে আপনার যদি প্রশ্ন, অভিযোগ, আঘাত বা উদ্বেগ থেকে থাকে, তাহলে আপনি গবেষণাটির লিখিত সারাংশে থাকা ফোন নম্বরগুলো ব্যবহার করে তদন্তকারীর সাথে যোগাযোগ করতে পারেন। যদি গবেষণায় অংশগ্রহণকারী একজন হিসেবে আপনার অধিকার সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকে, অথবা আপনার যদি এমন কোনো প্রশ্ন, অভিযোগ বা উদ্বেগ থাকে যেগুলো আপনি তদন্তকারীর সাথে আলোচনা করতে পারবেন বলে আপনার মনে না হয়, তাহলে অনুগ্রহ করে গবেষণাটির লিখিত সারাংশে থাকা ফোন নম্বর বা ইমেইল অ্যাড্রেস ব্যবহার করে ইনস্টিটিউশনাল রিভিউ বোর্ড অফিস -এ যোগাযোগ করুন।

\_\_\_\_\_

অংশগ্রহণকারীর নাম

\_\_\_\_\_

অংশগ্রহণকারীর স্বাক্ষর

\_\_\_\_\_

তারিখ

আমি নিশ্চিত করছি যে, এই গবেষণা অধ্যয়নের জন্য সম্মতি প্রক্রিয়ার সময়কালে আমি একজন দোভাষী হিসেবে উপস্থিত ছিলাম। আমি নিশ্চিত করছি যে, অংশগ্রহণকারীর ভাষা ও ইংরেজির মধ্যকার অনুবাদ প্রদানের জন্য আমি যোগ্য এবং আমার প্রয়োজনীয় দক্ষতা রয়েছে। এই ফর্মে স্বাক্ষর করার মাধ্যমে, আমি নিশ্চিত করছি যে আমি আমার সামর্থ্য অনুযায়ী, সম্মতি গ্রহণকারী গবেষক এবং অংশগ্রহণকারীর মধ্যকার কথার আদান-প্রদানের পুরোপুরি এবং সম্পূর্ণ ব্যাখ্যা প্রদান করেছি।

\_\_\_\_\_

দোভাষীর নাম

\_\_\_\_\_

দোভাষীর স্বাক্ষর

\_\_\_\_\_

তারিখ